

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 13-01-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য সরকার মেডিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে স্যালাইন কান্ডের জেরে বিভাগীয় তদন্তের পাশাপাশি সিআইডি তদন্তেরও নির্দেশ দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছেন, এই ঘটনায় যুক্ত দোষীদের কোনোভাবেই রেয়াত করা হবে না।

রাজ্য স্বাস্থ্য দপ্তর স্যালাইনের গুণমান নিয়ে তদন্ত শেষ না হওয়া পর্যন্ত রিঙার ল্যাকটেটের ব্যবহার নিষিদ্ধ করেছে।

২) দক্ষিণ কলকাতার নামী বেসরকারি স্কুলে কাঁচ ভেঙে আহত তিন পুরুষ। স্কুল কর্তৃপক্ষের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ অভিভাবকদের।

৩) রাত পোহালেই মকর সংক্রান্তি। সাগর তট জুড়ে মাহেন্দ্রক্ষণের কাউন্টডাউন শুরু হয়ে গেছে।

৪) বীরভূমের কেন্দুলিতে আজ শুরু হয়েছে জয়দেব মেলা।

৫) ২০১৭ সালে পণ্য পরেষেবা কর চালু হওয়ার পর থেকে প্রথম তিনটি অর্থবর্ষে বকেয়া কর ও জরিমানা সংক্রান্ত মামলার নিষ্পত্তিতে রাজ্য সরকার বিশেষ প্রকল্প হাতে নিচ্ছে।

রাজ্য সরকার মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে স্যালাইন কাণ্ডের জেরে এক প্রসূতীর মৃত্যু ও তিনজনের অসুস্থ হওয়ার ঘটনায় বিভাগীয় তদন্তের পাশাপাশি সিআইডি তদন্তেরও নির্দেশ দিয়েছে। মুখ্যসচিব মনোজ পন্থ আজ নবান্নে সাংবাদিকদের একথা জানান। স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগমকে পাশে নিয়ে সাংবাদিক বৈঠকে শ্রী পন্থ বলেন, এই ঘটনার তদন্তে ১৩ সদস্যের যে বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়েছিল তারা আজ প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছেন। সেই রিপোর্টে স্বাস্থ্য কর্মীদের দায়িত্বে গুরুতর গাফিলতির কথা উল্লেখ করা হয়েছে। এই ঘটনায় কারা যুক্ত বিভাগীয় তদন্তের মাধ্যমে তাদের চিহ্নিত করেও তিনদিনের মধ্যে চূড়ান্ত রিপোর্ট জমা দেওয়ার পাশাপাশি সিআইডিকেও একই সময়ের মধ্যে তাদের তদন্ত রিপোর্ট জমা দিতে বলা হয়েছে বলে মুখ্য সচিব জানান। স্যালাইন ছাড়া অন্য কোনো কারণে তাও খতিয়ে দেখতে বলা হয়েছে। তিনি আরও জানান, ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে রাজ্য সরকার সবরকমের সহযোগিতা করবে। কারোর গাফিলতি থাকলে অভিযুক্তদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণেরও আশ্চর্য দেন মুখ্যসচিব। মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে মজুত থাকা সব ধরনের ওষুধ বাতিল করার নির্দেশ দেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও বলেছেন, এই ঘটনায় যুক্ত দোষীদের কোনোভাবেই রেয়াত করা হবে না। তিনি আজ সকালে মুখ্যসচিব, স্বাস্থ্য সচিব সহ বেশ কয়েকজন আধিকারকের সঙ্গে দীর্ঘ বৈঠক করেন। স্বাস্থ্য দপ্তরের ১০ প্রবীণ চিকিৎসকের সঙ্গেও এব্যাপারে কথা বলেন তিনি। সেখানে তিনি স্পষ্ট জানিয়েছেন, মানুষের জীবন নিয়ে এই ধরনের গাফিলতি কোনোভাবেই বরদান্ত করা হবে না।

এদিকে, রাজ্যের স্বাস্থ্য দপ্তর স্যালাইনের গুণমান নিয়ে তদন্ত শেষ না হওয়া পর্যন্ত রিঙার ল্যাকটেট ব্যবহারের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। স্বাস্থ্যশিক্ষা দপ্তরের বিশেষ

সচিব ডা. অনিলকুমার নিয়োগীর দফায় দফায় বৈঠকের পর একথা জানান। আলাদা করে কোনও বিজ্ঞপ্তি জারি না করলেও সমস্ত সরকারি হাসপাতাল ও মেডিক্যাল কলেজের সুপার, প্রিমিপালদের এই নিষেধাজ্ঞার বিষয়টি জানিয়ে দেওয়া হয়েছে।

অন্যদিকে, মেদিনীপুর মেডিকেল কলেজ থেকে কলকাতা এস এস কে এম হাসপাতালে নিয়ে আসা তিন প্রসূতীর অবস্থা স্থিতিশীল বলে জানা গেছে।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভকুমার সরকার, রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায়, দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির সভাপতি প্রদীপ প্রসাদ প্রমুখ আজ এই হাসপাতালে গিয়ে তাদের স্বাস্থ্য সম্পর্কে খোঁজ খবর নেন।

সংশ্লিষ্ট স্যালাইন প্রস্তুতকারী সংস্থাকে কারা বরাত দিয়েছিল, ঘটনায় রাজ্যের স্বাস্থ্য মন্ত্রী কি কি ব্যবস্থা নিয়েছেন তা প্রকাশ্যে আনার দাবি জানান আশুতোষ বাবু। পূর্ণাঙ্গ তদন্ত করে দোষীদের শাস্তিরও দাবি জানিয়েছেন তিনি।

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে স্যালাইন কাণ্ডের প্রেক্ষিতে রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রে দুর্নীতি ও বেহাল দশার অভিযোগ তুলে কংগ্রেস আজ সল্টলেকে স্বাস্থ্য ভবন অভিযান করে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভকুমার সরকারের নেতৃত্বে ওই অভিযানে দলের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি, অমিতাভ চক্রবর্তী সহ নেতৃবৃন্দ ও প্রদেশ মহিলা কংগ্রেসের নেতৃত্বাত্মক অভিযানে অংশ নেন। মিছিল থেকে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী ও স্বাস্থ্য সচিবের পদত্যাগের দাবি ওঠে। জাল ওষুধের কারবারিদের গ্রেফতারেরও দাবি জানানো হয়। শুভকুমার বাবু বলেন, মেদিনীপুর মেডিকেল কলেজের এই ঘটনায় রাজ্যের বেহাল স্বাস্থ্য ব্যবস্থা দুর্নীতি ও উদাসীনতার ঘটনা স্পষ্ট। শুভকুমার সরকারের নেতৃত্বে প্রদেশ কংগ্রেসের ওই মিছিল স্বাস্থ্য ভবনে তুকতে গেলে পুলিশ ব্যারিকেড করে তাদের আটকে দেয়।

সিপিআইএম-ও এই ঘটনায় রাজ্য সরকারকেই দায়ী করেছে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, আজ খড়গপুরে ২৫ তম জেলা সম্মেলনে সাংবাদিকদের

বলেন, রাজ্যে দুর্নীতি চক্র, হাসপাতালে ভ্যাজাল ওষুধ ও স্যালাইনের কারবার চলেছে, তার জন্যই এক প্রসূতীকে প্রাণ দিতে হল।

নিম্নমানের স্যালাইন প্রয়োগে প্রসূতি মৃত্যুর ঘটনায় রাজ্যজুড়ে উত্তাল আবহের মধ্যেই উত্তর দিনাজপুরের রায়গঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালে রোগী মৃত্যুতে চিকিৎসায় গাফিলতির অভিযোগ উঠেছে। জানা গেছে, কালিয়াগঞ্জের বাসিন্দা বছর ৫১-র হীরন্ময় মহন্তকে শ্বাসকষ্টজনিত সমস্যা নিয়ে গতরাতে ওই হাসপাতালে ভর্তি করা হয়। এরপর আজ দুপুরে হাসপাতালের তরফে জানানো হয়, হৃদরোগে আক্রান্ত হয়ে ওই ব্যক্তির মৃত্যু হয়েছে। রোগীর পরিবারের অভিযোগ ভর্তির পর থেকে শুধুমাত্র প্রেসার মাপা ছাড়া রোগীর আর কোন চিকিৎসাই হয়নি। সমস্ত অভিযোগ খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন হাসপাতালের সুপার।

দক্ষিণ কলকাতার নামী বেসরকারি স্কুলে কাঁচ ভেঙে আহত তিন পড়ুয়ার মধ্যে প্রিয়ম দাস নামে একজন এখনও মেডিকেল কলেজে ট্রিমা ওয়ার্ডে চিকিৎসাধীন। গড়িয়ার বাসিন্দা নবম শ্রেণীর ছাত্র প্রিয়মের বাবা কিছুদিন আগেই মারা যান। কাঁচ ভেঙে গুরুতর আহত প্রিয়মের অস্ত্রোপচার করা হয়। (২১ টি সেলাই) পড়েছে বলে জানা গেছে। আর এক আহত ১৩ বছরের সৃজ্জ্য রায়কে হাসপাতালে নিয়ে যাওয়া হলেও প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। তৃতীয় ছাত্র স্থানীয় ডাক্তারের চেম্বারেই প্রাথমিক চিকিৎসার পর বাড়ি ফিরে গেছে।

উল্লেখ্য আজ সকালে স্কুলে ঢেকার সময় কাঁচ ভেঙে তিন পড়ুয়া আহত হয়। এই ঘটনায় স্কুলের সামনে বিক্ষেপ দেখান অভিভাবকরা। তাদের অভিযোগ স্কুলের

রক্ষণাবেক্ষণ ঠিক মত হয়না। স্কুল কর্তৃপক্ষ অবশ্য ছাত্রছাত্রীদের সুরক্ষার আশ্বাস দিয়েছে। পরে টালিগঞ্জ থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

স্থানীয় বিধায়ক তথা কলকাতা পুরসভার মেয়র পারিষদ দেবাশীষ কুমারও ঘটনার খবর পেয়ে স্কুলে যান। সাংবাদিকদের কাছে এই ঘটনাকে অত্যন্ত দুর্ভাগ্যজনক বলে অভিহিত করে তিনি বলেন, স্কুল পড়ুয়াদের নিরাপত্তার বিষয়ে কর্তৃপক্ষের আরও বেশি সচেতন হওয়া উচিত।

মুর্শিদাবাদে সরকারি নির্দেশিকা উপক্ষা করে অতিরিক্ত ভর্তি ফি আদায় নিয়ে বিতর্কের মধ্যেই লাগাতার আন্দোলনে নড়ে চড়ে বসেছে প্রশাসন। জেলা শিক্ষা দপ্তর এক নোটিশ জারি করে অতিরিক্ত টাকা ফেরতের নির্দেশ দিয়েছে। প্রাথমিকভাবে মুর্শিদাবাদের গোড়ারাবাজার আইসিআই, নিমতা হাইস্কুল, ইসলামপুর এসসিএস হাইস্কুল ও রঘুনাথগঞ্জ হাইস্কুলের মত ৯ টি স্কুলের নাম উল্লেখ করা হয়েছে নির্দেশিকায়। পরবর্তীকালে আরও কিছু স্কুলকে নোটিশ পাঠানো হবে বলে সরকারি সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, চলতি মাসে সরকারি স্কুলগুলিতে নতুন শিক্ষাবর্ষে ভর্তি শুরু হতেই মুর্শিদাবাদের বিভিন্ন স্কুলে অতিরিক্ত ফি আদায়ের ঘটনাকে কেন্দ্র করে বিতর্ক দানা বাধে। সরকারি নির্দেশিকায় ২৪০ টাকার বেশি ডেভেলপমেন্ট ফি না নেওয়ার স্পষ্ট নির্দেশ থাকলেও বেশিরভাগ স্কুলে তার তিন চার গুণ টাকা আদায় করা হয়েছে। জলঙ্গীর খয়রামারিতে এই নিয়ে আন্দোলনরত ছাত্রদের ওপর তৃণমূল কংগ্রেস প্রধান ও তার দলবল চড়াও হয় বলে অভিযোগ ওঠে। অবরোধ তুলতে গেলে পুলিশের গাড়িও ভাঙ্গুর করা হয়। বাম ছাত্র সংগঠন এসএফআই ডেপুটেশন জমা দিতে গেলে তাদেরও

নিগ্রহ করা হয়। এই নিয়ে বিভিন্ন মহলে নিন্দার ঝড় ওঠে। এরপরই জেলা শিক্ষা দপ্তর এই নির্দেশিকা জারি করে আদায় করা অতিরিক্ত টাকা ফেরত দিতে বলেছে।

পুরুলিয়ার জে কে কলেজে ইংরিজি বিভাগের এক অধ্যাপকের বিরুদ্ধে যৌন নির্যাতনের অভিযোগকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। কলেজ ক্যাম্পাসে ওই বিভাগের ছাত্রছাত্রীরা জড় হয়ে মূল প্রবেশ পথে বিক্ষেপ দেখায়। তাদের অভিযোগ, ওই অধ্যাপক বিশেষত ছাত্রীদের সঙ্গে এমন ব্যবহার করেন যা যৌন নির্যাতনের পর্যায়ে পড়ে। তিনি ব্যক্তিগত ছবি পাঠানোর জন্যও চাপ দেন ছাত্রীদের। অসময়ে ফোনও করেন। পড়ুয়ারা একটি লিখিত অভিযোগও করেন অধ্যক্ষের কাছে।

কলেজের অধ্যক্ষ শান্তনু চট্টোপাধ্যায় বলেন, আইনগত ভাবে যা করার তা করা হবে।

রাত পোহালেই মকর সংক্রান্তি। সাগরতট জুড়ে মাহেন্দ্রক্ষণের কাউন্টডাউন শুরু হয়ে গিয়েছে। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

বীরভূমের কেন্দুলীতে আজ আনুষ্ঠানিক ভাবে শুরু হলো জয়দেবের মেলা। বিকেলে অজয় নদের তীরে এর উদ্বোধন করেন পশ্চিমবঙ্গ গ্রামীণ উন্নয়ন পর্ষদের সভাপতি অনুরূপ মণ্ডল। আমাদের প্রতিনিধি জানাচ্ছেন,

প্রতিবেদন

পূর্ব বর্ধমানের কালনার পুরাতন বাসস্ট্যান্ডে খাদ্য ও পিঠেপুলি উৎসবে শেষ দিনে গতকাল অতিরিক্ত ভিড়ের চাপে পদপিষ্ট হয়ে ১০জন আহত হন। তাদের কালনা মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বর্তমানে ৫ মহিলা ও এক যুবকসহ মোট ৬ জন হাসপাতালে ভর্তি। বাকিদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গতরাতে এই মেলায় প্রচুর মানুষের ভিড় হয়। ভিড় সামলাতে হিমশিম খায় পুলিশ। তখনই পদপিষ্টের ঘটনা ঘটে। বাধ্য হয়ে পুলিশকে লাঠি উহিয়ে তাড়া করে পরিস্থিতি সামাল দিতে হয়।

উৎসবের মূল উদ্যোগ দেবপ্রসাদ বাগ আহতদের সবরকম সাহায্যের আশ্বাস দেন।

২০১৭ সালে পণ্য পরিষেবা কর জিএসটি চালু হওয়ার পর থেকে প্রথম তিনটি অর্থবর্ষে বকেয়া কর এবং জরিমানা সংক্রান্ত মামলার নিষ্পত্তিতে রাজ্য সরকার বিশেষ প্রকল্প হাতে নিচ্ছে। ওই বকেয়া করের উপর যে সুদ এবং পেনাল্টি ধার্য করা হয়েছে, তা শর্তসাপেক্ষে মকুব করা হবে বলে রাজ্যের অর্থ দফতর সিদ্ধান্ত নিয়েছে। তবে এই প্রকল্পের আওতায় আসতে গেলে আগামী ৩১ মার্চের মধ্যে জিএসটি বাবদ বকেয়া টাকা আগে মিটিয়ে দিতে হবে। তারপরই সুদ ও পেনাল্টি মকুবের জন্য আবেদন করা যাবে। ৫৩তম জিএসটি কাউন্সিলের বৈঠকে বকেয়া কর জরিমানা ও সুদ মকুবের আইনি স্বীকৃতির সুযোগ করে দেওয়া হয়। সেই মতো রাজ্য সরকার বিধানসভার গত অধিবেশনে একটি বিল পাশ করেছে। তার ভিত্তিতেই কর দাতাদের এই সুযোগ দেওয়া হচ্ছে।

কোচবিহারের মাথাভাঙ্গার গোপালপুর এলাকায় বাংলাদেশি দুষ্কৃতীরা গতকাল ভারত বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া কাটার চেষ্টা করতে গেলে, বিএসএফ বাধা দেয়। কিন্তু তারা বিএসএফের বাধা উপেক্ষা করেই বেড়া কাটতে গেলে সীমান্ত রক্ষী বাহিনী এক রাউন্ড গুলি ছোড়ে।

এই ঘটনায় এক বাংলাদেশী আহত হয়। কিন্তু তার সঙ্গীরা পরে তাকে নিয়ে পালিয়ে যায়। বিএসএফের উপর হামলার ঘটনায় তাদের পক্ষ থেকে মাথাভাঙ্গা থানায় অভিযোগ দায়ের করা হয়েছে বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন।

এদিকে, দক্ষিণ ২৪ পরগণার সেনারপুরের বৈকুঞ্চপুর এলাকা থেকে পাঁচ বাংলাদেশীকে পুলিশ গ্রেপ্তার করেছে। এদের আজ বারুইপুর আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, বেআইনীভাবে ভারতে চুক্তে এক বছরেরও বেশি সময় ধরে সেখানে তারা একটি বাড়ি ভাড়া নিয়ে বাস করছিল। এলাকার বাসিন্দাদের সঙ্গেও তারা সেভাবে মেলামেশা করত না। তবে প্রতিবেশীরা তাদের সম্পর্কে তেমন কিছুই জানতেন না। বাড়ির মালিক পলাতক। তার খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে।
